

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.৩৪৯

তারিখ: ১৫ পৌষ ১৪২৮

৩০ ডিসেম্বর ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৯৪৯৭/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ-এর বর্তমান গভর্নিং বডির মেয়াদ ২৩/১০/২০২১ ইং তারিখে শেষ হওয়ার পর পরবর্তীতে এডহক কমিটি বা নির্বাচিত কমিটিতে ২ বৎসর মেয়াদের জন্য অন্তর্ভুক্ত করার জন্য জনাব মোঃ মোজাম্মেল হক, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর ৩০/৯/২০২১ ইং তারিখে আবেদন করেন।

জনাব মোঃ মোজাম্মেল হক-এর আবেদন পত্রের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় সংস্কৃদ্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৪৯৭/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ১৬/১১/২০২১ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন:

“The respondent Nos. 1, 2 and 3 are directed to dispose of the representation dated 30.09.2021 as evident in (Annexure-‘G’, ‘G-1’, G-2) to the writ petition in accordance with the relevant law and rules within 15 (fifteen) working days from the date of receipt of the instant order.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৯৪৯৭/ ২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ৩০/৯/২০২১ তারিখের আবেদনগুলো (Annexure-‘G’, ‘G-1’, G-2) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-১২-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.৩৪৯/১


তারিখ: ১৫ পৌষ ১৪২৮

৩০ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩০-১২-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব